

২০১৯

বাংলা - সাধারণ

পেপার : GE/CC-1

পূর্ণমান - ৬৫

Only for Honours Candidates

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাংলা প্রবন্ধসাহিত্যের ধারায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ভূমিকা বিচার করো। ১০
- ২। (ক) আধুনিক বাংলা কবিতার ধারায় কবি জীবনানন্দ দাশের স্থান নির্ণয় করো। ১০
অথবা,
(খ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে দ্বিজেন্দ্রলাল রায়ের ভূমিকা বিচার করো। ১০
- ৩। (ক) সামাজিক সমস্যামূলক উপন্যাস রচনায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১০
অথবা,
(খ) বাংলা ছোটগল্পের ইতিহাসে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের স্থান নিরূপণ করো। ১০
- ৪। (ক) বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে 'ছতোম প্যাচার নক্সা' বইটির গুরুত্ব বিচার করো। ৫
অথবা,
(খ) বাংলা গদ্যের বিকাশে অক্ষয়কুমার দত্তের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে 'মেঘনাদবধ কাব্য'-র গুরুত্ব নির্ণয় করো। ৫
অথবা,
(খ) বাংলা নাটকের ইতিহাসে 'নীলদর্পণ' নাটকটির অবস্থান নিরূপণ করো। ৫
- ৬। (ক) বাংলা সাহিত্যের ইতিহাসে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষুবৃক্ষ' উপন্যাসের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
(খ) ছোটগল্পকার রূপে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রচনার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে নির্দেশ করো। ৫

Please Turn Over

৭। টীকা লেখো (যে-কোনো একটি) :

৫

- (ক) গৌড়ীয় ব্যাকরণ
- (খ) বলাকা
- (গ) পুতুল নাচের ইতিকথা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) 'পুরুষপরীক্ষা' বইয়ের রচয়িতা কে?
- (খ) রামমোহন রায় রচিত একটি গ্রন্থের নাম লেখো।
- (গ) 'কথোপকথন' কার লেখা?
- (ঘ) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধটি কে রচনা করেন?
- (ঙ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি কাব্যের নাম লেখো।
- (চ) 'গীতাজলি' কত সালে প্রকাশিত হয়?
- (ছ) 'মরুশিখা' গ্রন্থের রচয়িতা কে?
- (জ) নজরুল ইসলামের একটি কাব্যগ্রন্থের প্রকাশকালসহ নাম লেখো।
- (ঝ) 'ফুল ফুটুক' কাব্যটি কার লেখা?
- (ঞ) মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা প্রথম উপন্যাস কোনটি?
- (ট) 'বন্দেমাতরম্' গানটি বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের অন্তর্গত?
- (ঠ) রবীন্দ্রনাথের লেখা একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।
- (ড) 'কালিন্দী' কার রচনা?
- (ঢ) একটি নদীকেন্দ্রিক উপন্যাসের নাম লেখো।
- (ণ) 'অভাগীর স্বর্গ' ছোটগল্পটি কার লেখা?